Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

DU in Media

২২ অগ্রহায়ণ ১৪৩১

07 December 2024

# আলোকিত বাংলাদেশ



## জাপানের রাষ্ট্রদূতের নৈশভোজে ঢাবি উপাচার্য

আলোকিত ডেস্ক

ঢাকাস্থ জাপানের রাষ্ট্রদূতের বাসভবনে গত বুধবার এক আলোচনা সভা ও নৈশভোজের আয়োজন করা হয়। বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত মি. ইওয়ামা কিমিনোরির আমন্ত্রণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এতে অংশগ্রহণ করেন। এ সময় অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুল্লাহ-আল-মামুন, জাপান দূতাবাসের জনসংযোগ প্রধান মি. কোমিন কেন এবং উপ-প্রধান মি. ইয়ামামোতো কিওহি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। আলোচনাকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে জাপানের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদার করার বিষয়ে মতবিনিময় করেন। এ ছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির ওপর তারা গুরুত্বারোপ করেন।

এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে আন্তঃবিভাগীয় ক্রেডিট ট্রান্সফার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জাপানে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ বৃদ্ধি এবং জাপানের বিভিন্ন কোম্পানিতে তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির বিষয়েও আলোচনা করা হয়। জাপানের রাষ্ট্রদূত এ ব্যাপারে সম্ভাব্য সব সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

## নয়াদিগন্ত



### ঢাবি ক্রিমিনোলজি প্রফেশনাল মাস্টার্সে ভর্তি পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্রিমিনোলজি বিভাগের প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রামের ভর্তি পরীক্ষা গতকাল শুক্রবার সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় ক্রিমিনোলজি বিভাগের চেয়ারপারসন মিজ শাহারিয়া আফরিন উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।

## Financial Express

# DU places suggestion box for input on campus politics

In an effort to address the nature and scope of political activities on campus, Dhaka University has taken a proactive approach by inviting feedback. A suggestion box has been placed in front of the Vice-Chancellor's office, and a dedicated email address, future.du2024@gmail.com, has been created to collect opinions, reports UNB. The initiative follows recommendations by a Special Committee formed to review political practices at the university. The committee aims to ensure that campus politics remain constructive and conducive to academic excellence. Students, faculty, and other stakeholders are encouraged to share their thoughtful suggestions on how political activities should be structured and conducted.

## ইত্তেফাক

# ক্যাম্পাস রাজনীতি নিয়ে অংশীজনের মতামত আহ্বান ঢাবির

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র শিক্ষক রাজনীতি বিষয়ে সব অংশীজনের মতামত আহ্বান করছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অফিস থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এমন তথ্য জানানো হয়। মতামত পাঠানো যাবে ইমেইলে ও সরাসরি বক্সে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে গঠিত বিশেষ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সকল অংশীজনের পরামর্শ গ্রহণের লক্ষ্যে উপাচার্য কার্যালয়ের সামনে একটি পরামর্শ বাক্স স্থাপন করা হয়েছে। এছাড়া future.du2024@gmail.com নামে একটি ইমেইল খোলা হয়েছে। যাতে পাঠানো যাবে মতামত ও রূপরেখা।

## সময়ের আলো

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

# রাজনীতির প্রকৃতি ও ধরন জানতে পরামর্শ বাক্স ও ই-মেইল চালু

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে মতামত প্রদানের জন্য উপাচার্যের কার্যালয়ের সামনে একটি 'পরামর্শ বাক্স' স্থাপন ও একটি ই-মেইল চালু করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

পরামর্শ বাক্স ও ই-মেইল ঠিকানায় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে মতামত প্রদানের জন্য সব অংশীজনের প্রতি অনুরোধও জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে গঠিত বিশেষ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সব অংশীজনের পরামর্শ গ্রহণের লক্ষ্যে উপাচার্য কার্যালয়ের সামনে একটি পরামর্শ বাক্স স্থাপন করা হয়েছে এবং ভঁঃঁৎব.ফঁ২০২৪@মসধরষ.পড়স নামে একটি ইমেইল খোলা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, পরামর্শ বাক্স ও ই-মেইল ঠিকানায় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে সুচিন্তিত মতামত প্রদানের জন্য সব অংশীজনের প্রতি অনুরোধ জানানো যাচ্ছে।

## Asian Age

# DU launches suggestion box, email for public input on campus political activities

AA News Desk

In an effort to address the nature and scope of political activities on campus, Dhaka University has taken a proactive approach by inviting feedback. A suggestion box has been placed in front of the Vice-Chancellor's office, and a dedicated email address, future.du2024@gmail.com, has been created to collect opinions. The initiative follows recommendations by a Special Committee formed to review political practices at the university. The committee aims to ensure that campus politics remain constructive and conducive to academic excellence, UNB reports.

Students, faculty, and other stakeholders are encouraged to share their thoughtful suggestions on how political activities should be structured and conducted.

## আলোকিত বাংলাদেশ

# ঢাবিতে বিশ্ব মৃত্তিকা দিবস উদযাপিত



আলোকিত ডেস্ক

বিশ্ব মৃত্তিকা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের উদ্যোগে 'Caring For Soils: Measure, Monitor, Manage' শীর্ষক এক আলোচনা সভা গত বৃহস্পতিবার বিভাগীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এসএমএ ফায়েজ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। জীব বিজ্ঞান অনুষদের ডিন এবং মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আখতার হোসেন খানের সভাপতিত্বে উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন বক্তব্য রাখেন।